# Semester-II (General Course)

**DSC-1B (CC-2): - Indian Government and Politics**

**DSC1BT: - Indian Government and Politics**

**Name of the Teacher: Dr. Prafulla Dumar Das**

## Unit.4) Power Structure in India: Caste, class and patriarchy

## Caste:

The caste system in India is the paradigmatic ethnographic example of caste. It has origins in ancient India, and was transformed by various ruling elites in medieval, early-modern, and modern India, especially the Mughal Empire and the British Raj. It is today the basis of educational and job reservations in India. The caste system consists of two different concepts, varna and jati, which may be regarded as different levels of analysis of this system.

*Caste has undergone significant change since independence, but it still involves hundreds of millions of people. In its preamble, India's constitution forbids negative public discrimination on the basis of caste. However, caste ranking and caste-based interaction have occurred for centuries and will continue to do so well into the foreseeable future, more in the countryside than in urban settings and more in the realms of kinship and marriage than in less personal interactions.*

*Castes are ranked, named, endogamous (in-marrying) groups, membership in which is achieved by birth. There are thousands of castes and subcastes in India, and these large kinship-based groups are fundamental to South Asian social structure. Each caste is part of a locally based system of interde-pendence with other groups, involving occupational specialization, and is linked in complex ways with networks that stretch across regions and throughout the nation.*

The caste system as it exists today, is thought to be the result of developments during the collapse of the Mughal era and the rise of the British colonial regime in India. The collapse of the Mughal era saw the rise of powerful men who associated themselves with kings, priests and ascetics, affirming the regal and martial form of the caste ideal, and it also reshaped many apparently casteless social groups into differentiated caste communities. The British Raj furthered this development, making

rigid caste organisation a central mechanism of administration. Between 1860 and 1920, the British segregated Indians by caste, granting administrative jobs and senior appointments only to Christians and people belonging to certain castes. Social unrest during the 1920s led to a change in this policy. From then on, the colonial administration began a policy of divisive as well as positive discrimination by reserving a certain percentage of government jobs for the lower castes. In 1948, negative discrimination on the basis of caste was banned by law and further enshrined in the Indian constitution, however the system continues to be practiced in India with devastating social effects.

Caste-based differences have also been practised in other regions and religions in the Indian subcontinent like Nepalese Buddhism,[10] Christianity, Islam, Judaism and Sikhism. It has been challenged by many reformist Hindu movements, Islam, Sikhism, Christianity, and also by present-day Indian Buddhism.

New developments took place after India achieved independence, when the policy of caste-based reservation of jobs was formalised with lists of Scheduled Castes and Scheduled Tribes. Since 1950, the country has enacted many laws and social initiatives to protect and improve the socioeconomic conditions of its lower caste population.

**Classes:**

In village India, where nearly 74 percent of the population resides, caste and class affiliations overlap. According to anthropologist Miriam Sharma, "Large landholders who employ hired labour are overwhelmingly from the upper castes, while

the agricultural workers themselves come from the ranks of the lowest--predominantly Untouchable--castes." She also points out that household-labor-using proprietors come from the ranks of the middle agricultural castes. Distribution of other resources and access to political control follow the same pattern of caste-cum-class distinctions. Although this congruence is strong, there is a tendency for class formation to occur despite the importance of caste, especially in the cities, but also in rural areas.

In an analysis of class formation in India, anthropologist Harold A. Gould points out that a three-level system of stratification is taking shape across rural India. He calls the three levels Forward Classes (higher castes), Backward Classes (middle and lower castes), and Harijans (very low castes). Members of these groups share common concerns because they stand in approximately the same relationship to land and production--that is, they are large-scale farmers, small-scale farmers, and landless laborers. Some of these groups are drawing together within regions across caste lines in order to work for political power and access to desirable resources. For example, since the late 1960s, some of the middle-ranking cultivating castes of northern India have increasingly cooperated in the political arena in order to advance their common agrarian and market-oriented interests. Their efforts have been spurred by competition with higher-caste landed elites.

In cities other groups have vested interests that crosscut caste boundaries, suggesting the possibility of forming classes in the future. These groups include prosperous industrialists and entrepreneurs, who have made successful efforts to push the

central government toward a probusiness stance; bureaucrats, who depend upon higher education rather than land to preserve their positions as civil servants; political officeholders, who enjoy good salaries and perquisites of all kinds; and the military, who constitute one of the most powerful armed forces in the developing world .

Economically far below such groups are members of the menial underclass, which is taking shape in both villages and urban areas. As the privileged elites move ahead, low-ranking menial workers remain economically insecure. Were they to join together to mobilize politically across lines of class and religion in recognition of their common interests, Gould observes, they might find power in their sheer numbers.

India's rapidly expanding economy has provided the basis for a fundamental change--the emergence of what eminent journalist Suman Dubey calls a "new vanguard" increasingly dictating India's political and economic direction. This group is India's new middle class--mobile, driven, consumer-oriented, and, to some extent, forward-looking. Hard to define precisely, it is not a single stratum of society, but straddles town and countryside, making its voice heard everywhere. It encompasses prosperous farmers, white-collar workers, business people, military personnel, and myriad others, all actively working toward a prosperous life. Ownership of cars, televisions, and other consumer goods, reasonable earnings, substantial savings, and educated children (often fluent in English) typify this diverse group. Many have ties to kinsmen living abroad who have done very well.

The new middle class is booming, at least partially in response to a doubling of the salaries of some 4 million central

government employees in 1986, followed by similar increases for state and district officers. Unprecedented liberalization and opening up of the economy in the 1980s and 1990s have been part of the picture.

There is no single set of criteria defining the middle class, and estimates of its numbers vary widely. The mid-range of figures presented in a 1992 survey article by analyst Suman Dubey is approximately 150 to 175 million--some 20 percent of the population--although other observers suggest alternative figures. The middle class appears to be increasing rapidly. Once primarily urban and largely Hindu, the phenomenon of the consuming middle class is burgeoning among Muslims and prosperous villagers as well. According to V.A. Pai Panandikar, director of the Centre for Policy Research, New Delhi, cited by Dubey, by the end of the twentieth century 30 percent--some 300 million--of India's population will be middle class.

The middle class is bracketed on either side by the upper and lower echelons. Members of the upper class--around 1 percent of the population--are owners of large properties, members of exclusive clubs, and vacationers in foreign lands, and include industrialists, former maharajas, and top executives. Below the middle class is perhaps a third of the population--ordinary farmers, tradespeople, artisans, and workers. At the bottom of the economic scale are the poor--estimated at 320 million, some 45 percent of the population in 1988--who live in inadequate homes without adequate food, work for pittances, have undereducated and often sickly children, and are the victims of numerous social inequities.

**Patriarchy in India:**

The construction of Indian masculinity begins in the ancient times and three texts if not traditions stand out in the way they deal with maleness. These are Kamasutra, Manusmrti, and Mrchakattika. The obvious connection between the three lies in placing their male subjects at the fulcrum of societal progress both materially and physically. While all literature is political, Kalidas in his treatment of the masculine in Shakuntala and Kumarsambhava cannot be exonerated from having to share credit in constructing Indian masculinity so to speak. The invasions over India made an indelible impact over how masculinity was to be perceived in future. Coming from the Judeo-Christian backgrounds, the Mughals and other invaders found it inappropriate that Indians 'roamed around' bare-backed or topless men and women despite the warm climate India was home to. In order to conform to the new regimes 'fancy of appropriateness, Indians now started "covering up". This covering up was not just of the body though. It entailed forgetting all those traditions which were now regarded as unholy or medieval. These included the Devdasi system, nude sculpturing schools of art etc, The British brought with them a colonial rational of masculinity in India. In fact not being manly enough was used as an argument of colonial rule. The early Indian nationalists' effeminate Bengali intellectuals simply inverted this argument by giving evidence of Indian masculinity and also reforming some social institutions such as Sati etc, The likes of Raja Ram Mohun Roy were chief among them. Another associated response to the British onslaught on Indian masculinity came from Swami Vivekananda whose photographic pose was to assert Indian maleness over everything else. However, to say that Vivekananda was the leader of a

masculinity will be a little cobwebbed and childish like many foreign authors such as Perry Anderson and Indians like Sanjay Srivastav have done. Post-independent Indian masculinity survives and thrives both in traditional as well as modern spaces. Hence celebrating manhood through Karva Chauth is as problematic as Shah Rukh Khan promoting Fair and Handsome. In her essay 'Women and Politics' Neerja Chowdhary, sees the role of most women in the nationalist movement more as a duty and less as an exercise of a choice to enter the public arena.. However, despite the nature of this struggle, which brought together men and women from different backgrounds, the achievement of independence did not lead to a marked improvement in the political participation and social situation of ordinary women across the country. Chowdhary holds that though Gandhi was all for women's political participation, he was not comfortable with the idea of them entering the power game. He saw women's role as cleansing politics rather than starting their own movements. The primacy of the family over the individual meant that women's potential and abilities honed in the political arena during the nationalist movement were not put to effective use in immediate post independence India. Due to a separation of political power from social reform most women who joined politics were rehabilitated in communitarian roles of social reform. This kept the higher echelons of politics out of reach for ordinary woman politicians.

**Suggested Readings:**


1. Abbas, H., Kumar, R. & Alam, M. A. (2011) *Indian Government and Politics.* New Delhi: Pearson, 2011.
2. Chandhoke, N. & Priyadarshi, P. (eds.) (2009) *Contemporary India: Economy, Society, Politics.* New Delhi: Pearson.
3. Chakravarty, B. & Pandey, K. P. (2006) *Indian Government and Politics.* New Delhi: Sage.
4. Chandra, B., Mukherjee, A. & Mukherjee, M. (2010) *India After Independence.* New Delhi: Penguin.
5. Singh, M.P. & Saxena, R. (2008) *Indian Politics: Contemporary Issues and Concerns.* New Delhi: PHI Learning.
6. Vanaik, A. & Bhargava, R. (eds.) (2010) *Understanding Contemporary India: Critical Perspectives.* New Delhi: Orient Blackswan.
7. Menon, N. and Nigam, A. (2007) *Power and Contestation: India Since 1989.* London: Zed Book.

## ১৫.৬ ভারতে জাত, শ্রেণি ও রাজনীতির আন্ত:সম্পর্ক
## The Inter-relationship between Caste, Class and Politics in India

সুপ্রাচীন কাল থেকে ভারতীয় সমাজে যে জাত-কাঠামো প্রচলিত রয়েছে তার মধ্যেই বিভিন্ন শ্রেণির উৎপত্তি ঘটেছে। অতীতের ন্যায় বর্তমানেও উঁচু জাতের মানুষেরা উচ্চশ্রেণির, আর নীচু জাতের মানুষেরা নিম্ন শ্রেণির অন্তর্ভুক্ত। ফলে ভারতে সামাজিক পীড়নের বিরুদ্ধে লড়াই এবং শ্রেণি-শোষণের বিরুদ্ধে লড়াই মিলে মিশে একাকার হয়ে যায় এবং একে অপরের পরিপূরক হিসাবে কাজ করে।

**প্রাচীন যুগে** বর্ণপ্রথা নিছক সামাজিক উপ-কাঠামোর ব্যাপার হয়ে থাকেনি, উৎপাদন সম্পর্কেরও একটা অঙ্গ হয়ে উঠেছিল। বৈদিক সমাজে শ্রেণিশাসন ও শ্রেণিশোষণকে অব্যাহত ভাবে চালানোর জন্য চতুর্বর্ণ ব্যবস্থা বা জাতিভেদ প্রথার প্রচলন করা হয়। আর এই বর্ণাশ্রম, জাতিভেদ প্রথার ক্রমপর্যায় ও নিয়ম অনুসরণ করেই দাসব্যবস্থা চালু করা হয়েছিল। প্রকৃতপক্ষে জাতিভেদ প্রথা শ্রেণিশোষণের ব্যবস্থাকে করেছিল তীব্র, নিষ্ঠুর ও বর্বরাত্মক।

এই চতুর্বর্ণ বিভাগের মধ্যে প্রাচীন ভারতীয় সমাজের শ্রেণি-বিভাজনের একটি সুস্পষ্ট চিত্র পাওয়া গেলেও শ্রেণি-বিভাজনের এই প্রক্রিয়া সবসময় বর্ণাশ্রম প্রথার নীতি পুরোপুরি মেনে চলেনি। অনেক সময় নিম্নবর্ণের লোক অর্থনৈতিক ক্ষেত্রে প্রভাব প্রতিপত্তি বাড়িয়ে উচ্চবর্ণে উঠে আসতে পারত। উদাহরণস্বরূপ বিশ্বামিত্র বা নবগরিষ্ঠের দুই পুত্রের ব্রাহ্মণত্ব লাভের কথা বলা যায়। তবে এরূপ ঘটনা খুব কমই ঘটত।

প্রাচীন গ্রিস, রোম ও পশ্চিম এশিয়ার কয়েকটি দেশের মতো ভারতবর্ষে প্রত্যক্ষভাবে দাস-সমাজের অবস্থিতি না থাকলেও এখানে দাস-সমাজের শ্রেণি পীড়ন চতুর্বর্ণ ব্যবস্থার ফলে সৃষ্ট জাতিভেদের মধ্যে লুকিয়ে ছিল।

**মুঘল যুগে** ও তার পরে সম্রাট, নবাব, স্থানীয় জায়গিরদার ও মোড়লদের মধ্যে তৈরি হয়েছিল এক শাসন-শৃঙ্খল যার মাধ্যমে নিম্নবর্ণের ও নিপীড়িত শ্রেণিগুলির ওপর শাসন কর্তৃত্ব বজায় রাখা হত। **ব্রিটিশ** শাসনকালে ভারতের চতুর্বর্ণ ভিত্তিক জাতপাত ব্যবস্থাসহ সমগ্র সামন্ততান্ত্রিক ব্যবস্থাই ভেঙে পড়ার উপক্রম হলেও তা সম্পূর্ণভাবে বিলুপ্ত হল না। কারণ সাম্রাজ্যবাদী ব্রিটিশ শাসকগোষ্ঠী নিজেদের স্বার্থে ভারতের প্রতিক্রিয়াশীল সামাজিক শক্তিগুলির সঙ্গে সমঝোতা করার নীতি অনুসরণ করতে থাকে। ফলে ভারতবর্ষে পুঁজিবাদী ব্যবস্থার পাশাপাশি সামন্ততান্ত্রিক ব্যবস্থা চলতে থাকে।

তবে **ব্রিটিশ আমলে** জাতপাত ব্যবস্থার অবসান না ঘটলেও বিভিন্ন বর্ণ ও জাতির আন্ত:সম্পর্কের ক্ষেত্রে বেশ কিছুটা পরিবর্তন সাধিত হয়। ব্রাহ্মণ্যবাদ অতীতের মতো অপ্রতিহত থাকল না। তা ছাড়া ব্রিটিশ সরকারের অধীনস্থ কেরানি হিসাবে কায়স্থদের আবির্ভাব বর্ণবিভাজনের কঠোরতাকে অনেকখানি কমিয়ে দেয়।

**স্বাধীন ভারতে শ্রেণি :**

ভারত স্বাধীনতা লাভ করার পর ভারতের জাতীয় কংগ্রেস তথা বুর্জোয়া শ্রেণি সংবিধানের মাধ্যমে দেশের সামাজিক কাঠামো পুনর্বিন্যাসের কথা বলে। ভারতীয় সংবিধানের প্রস্তাবনা, মৌলিক অধিকার ও নির্দেশমূলক নীতির অধ্যায়ে ন্যায়, সাম্য ও সৌভ্রাতৃত্ব প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। সংবিধানের তৃতীয় অধ্যায়ে জাতি, ধর্ম, বর্ণ, জন্মস্থান, স্ত্রী-পুরুষ নির্বিশেষে সকলের সমান সুযোগ-সুবিধার নীতি গৃহীত হয়েছে।

এতদসত্ত্বেও ভারতবর্ষ জাতপাতের অভিশাপ থেকে এখনও মুক্তি পায়নি। ভারতবর্ষে, বিশেষ করে গ্রামীণ সমাজে এখনও জাতিভেদ, হরিজন নিগ্রহ প্রভৃতির সঙ্গে জোতদার, জমিদার ও সুদখোর মহাজনের শোষণ অত্যাচার অব্যাহতভাবে চলছে।

গ্রামীণ সমাজে নিরক্ষরতা ও দারিদ্র্য সংখ্যাগরিষ্ঠ মানুষের নিত্যসঙ্গী হওয়ায় সমাজের উচ্চ শ্রেণির লোকেরা তাদের ওপর সহজেই প্রভাব বিস্তার করতে সমর্থ হয়। এখানে শ্রেণি ও বর্ণ সমার্থক। অন্যভাবে বলা যায়, গ্রামীণ সমাজে শোষক ও শোষিত শ্রেণি যথাক্রমে উচ্চ এবং নিম্নবর্ণের অন্তর্ভুক্ত। উচ্চবর্ণের শোষকশ্রেণি নিম্নবর্ণের মানুষদের কেবলমাত্র অর্থনৈতিক দিক থেকে শোষণ করে না, সেই সঙ্গে তাদের ওপর অকথ্য অত্যাচার চালায়। শহরের অবস্থাও একই রকম। সেখানেও জাতপাতভেদ, সাম্প্রদায়িকতা প্রভৃতি সামন্ততান্ত্রিক প্রতিষ্ঠানগুলিকে কাজে লাগিয়ে উচ্চশ্রেণি ও উচ্চবর্ণের মানুষেরা নিম্নশ্রেণি ও নিম্নবর্ণের মানুষদের ওপর শোষণ ও পীড়ন চালায়। খবরের কাগজের পাতা ওল্টালেই হরিজন নিগ্রহ বা হত্যার খবর চোখে পড়ে। আইনগতভাবে জমিদারি ব্যবস্থার বিলোপ সাধন করা হলেও ভারতের প্রতিটি গ্রামের অধিকাংশ জমি জমিদার বা সামন্ত প্রভু বা মহাজনদের দখলে। এরা বেশির ভাগই উচ্চবর্ণের লোক। দেশের মেহনতি জনগণকে কেবলমাত্র অর্থনৈতিক শোষণেরই শিকার হতে হয় না, সেই সঙ্গে তাদের সহ্য করতে হয় বর্ণ-অত্যাচারের পীড়ন। এইভাবে ভারতে শ্রেণি-সম্পর্কগুলি প্রকাশিত হয় বর্ণ-বিভাজনের মধ্য দিয়ে।

সুতরাং দেখা যাচ্ছে, ভারতবর্ষে জাতবিভাজন সাধারণভাবে শ্রেণিবিভাজনের প্রতিচ্ছবি মাত্র। আর ঠিক এই কারণেই বিভিন্ন রাজনৈতিক দল, গোষ্ঠী ও নেতা তাদের রাজনৈতিক ক্ষমতা সুরক্ষিত রাখার জন্য জাতপাতকে ব্যবহার করেন। **রজনী কোঠারীর** মতে, ভারতে জাত ও শ্রেণির সংমিশ্রণ ঘটেছে তিনটি পর্যায়ে। **প্রথম পর্যায়ে** শুধুমাত্র অগ্রগণ্য জাতরাই রাজনীতির সঙ্গে সংশ্লিষ্ট ছিল। উদাহরণস্বরূপ বাংলার ব্রাহ্মণ, বৈদ্য ও কায়স্থ, বিহারের কায়স্থ ও ব্রাহ্মণ, তামিলনাড়ু ও মহারাষ্ট্রের ব্রাহ্মণ, কেরলের ব্রাহ্মণ বা রাজস্থানের রাজপুতদের উল্লেখ করা যায়। ব্রিটিশ আমলে এরাই প্রথম ইংরেজি ভাষা শিক্ষার মাধ্যমে ব্রিটিশ সরকারের অনুগ্রহভাজন হয় এবং অধস্তন হিসাবে ক্ষমতার অধিকারী হয়। এদের অগ্রগতি দেখে অপরাপর উচ্চতর ও মধ্যবর্তী পর্যায়ের জাতের মনে বঞ্চনাবোধ ও বিদ্বেষ সঞ্চার হয় এবং নিজেদের উন্নতি ঘটাতে সচেষ্ট হয়। এইসব 'উঠতি জাত'-এর মধ্যে মহারাষ্ট্রের মারাঠা-কুন্‌বি, তামিলনাড়ুর ভেলাল্লা বা নাদার, বিহারের ভূমিহার, বাংলার মাহিষ্য প্রভৃতি উল্লেখযোগ্য। **দ্বিতীয় পর্যায়ে** একদিকে সুযোগ সুবিধা এবং ক্ষমতার ভাগ নিয়ে 'উঠতি' জাতগুলির মধ্যে প্রতিযোগিতা ও দ্বন্দ্ব চলতে থাকে এবং অন্যদিকে নিম্নতর জাতগুলি অনেক ক্ষেত্রে উচ্চতর জাতের নেতাদের সঙ্গে একজোট হয়ে তাদের সমর্থন করতে থাকে। স্বাভাবিকভাবেই বিভিন্ন জাতভিত্তিক সংগঠনের উৎপত্তি হয়, যাতে ক্ষমতার অংশীদার হওয়া যায়।

**তৃতীয় পর্যায়ে** সমমর্যাদাসম্পন্ন জাতগুলির অংশবিশেষদের নিয়ে গড়ে ওঠে নতুন নতুন রাজনৈতিক দল। যেমন— তামিলনাড়ুতে দ্রাবিড় মুন্নেত্রা কাজাগম (DMK), মহারাষ্ট্রের রিপাবলিকান দল, কেরালার রিপাবলিকান সোসালিস্ট পার্টি ইত্যাদি দলগুলি জাতপাতের ভিত্তিতে গঠিত হয়েছে।

পরিশেষে বলা যায় যতদিন না গণ-দারিদ্র্য, গণ-বেকারত্ব, গণ-নিরক্ষরতা ও গণ-অজ্ঞতা নির্মূল হচ্ছে, এককথায় যতদিন না সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হচ্ছে, ততদিন ভারতের নিম্নবর্ণের শোষিত মানুষদের উপযুক্ত শ্রেণি চেতনা গড়ে উঠবে না এবং ততদিন জাতপাতভিত্তিক রাজনীতি প্রশ্রয় পাবে। **দেশাই** যথার্থই বলেছেন, একমাত্র সমাজতন্ত্রই পারে ভারতীয় সমাজের বর্তমান সমস্যাগুলির পরিসমাপ্তি ঘটাতে ("Only socialism can end the present crisis of the Indian society.")।

## ১৫.৭ পিতৃতন্ত্র বা পুরুষতন্ত্র Patriarchy

শব্দগত অর্থে 'পিতৃতন্ত্র' বলতে 'পিতার শাসন'-কে বোঝায়। কিন্তু নারীবাদী তাত্ত্বিকেরা 'পিতৃতন্ত্র' বলতে নারীর ওপর পুরুষের আধিপত্যকে বোঝান। এই আধিপত্য শুধু পারিবারিক গণ্ডির মধ্যে সীমিত থাকে না, পরিবারের বাইরে সামাজিক প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে (শিক্ষাক্ষেত্র, কর্মক্ষেত্র, ধর্মীয় ক্ষেত্র), এমনকি রাষ্ট্রের বিস্তৃত পরিসরে ব্যাপ্ত থাকে। পরিবারের মধ্য দিয়ে যে পিতৃতান্ত্রিকতার সূত্রপাত ঘটে, তার বৃহত্তম প্রকাশ ঘটে রাষ্ট্রের মধ্য দিয়ে। রাষ্ট্র তার আইন, আমলাতন্ত্র, পুলিশ, সামরিক বাহিনী, বিচারালয় ইত্যাদির মধ্য দিয়ে নারীদের ওপর

পুরুষের আধিপত্য বিস্তারে সাহায্য করে। প্রখ্যাত নারীবাদী তাত্ত্বিক **সিলভিয়া ওয়ালবি** (S. Walby) তাঁর *Theorising Patriarchy* শীর্ষক গ্রন্থে বলেছেন, ''পিতৃতন্ত্র হল সামাজিক কাঠামো ও রীতিনীতির ভিত্তিতে গড়ে ওঠা এমন একটি ব্যবস্থা যেখানে পুরুষ নারীকে নিয়ন্ত্রণ করে, নিপীড়ন করে এবং শোষণ করে।'' পিতৃতান্ত্রিক ব্যবস্থার সঙ্গে গভীরভাবে সম্পর্কিত থাকে একটি মতাদর্শ, যা পুরুষকে নারীর তুলনায় শক্তিশালী ও দক্ষ বলে মনে করে, নারীর ওপর পুরুষের প্রাধান্যকে অনুমোদন করে এবং নারীকে পুরুষের সম্পত্তি বলে গণ্য করে। জার্মান সমাজবিজ্ঞানী **ফ্রেডারিখ এঙ্গেলস** তাঁর *The Origin of Family, Private Property and the State* গ্রন্থে পুরুষের নিকট নারীর বশ্যতা ও অধীনতার কারণ হিসাবে ব্যক্তিগত সম্পত্তির মালিকানা, শ্রমবিভাজন এবং শ্রেণির আবির্ভাবকে চিহ্নিত করেছেন। ব্যক্তিগত সম্পত্তি ও শ্রেণির উদ্ভবের সঙ্গে সঙ্গে পিতৃতান্ত্রিক ব্যবস্থার উদ্ভব ঘটেছে এবং নারীর ওপর পুরুষের প্রাধান্য স্থাপিত হয়েছে। নারীবাদীরা, বিশেষ করে র‍্যাডিক্যাল নারীবাদীদের মতে, সমাজে পিতৃতান্ত্রিকতার অবসান না ঘটলে নারীদের বঞ্চনা ও শোষণের সমাপ্তি ঘটবে না।

## ১৫.৮ স্বাধীন ভারতে পিতৃতন্ত্র Patriarchy in Independent India

ভারত স্বাধীন হওয়ার পর আধুনিক রাষ্ট্র কাঠামো গঠন করা হল। গণতন্ত্র, সাম্য, ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র প্রভৃতি মহান আদর্শগুলির ভিত্তিতে সংবিধান রচনা করা হল। কিন্তু ধর্ম ও অসাম্য ভিত্তিক সনাতন ভারতীয় সমাজ কাঠামোটিকে অপরিবর্তিতই রাখা হল। ফলে আদর্শ ও বাস্তবের মধ্যে পার্থক্য থেকেই গেল এবং এই পার্থক্যটি সবচেয়ে বেশি প্রকট হয়ে উঠল নারী-পুরুষের সম্পর্কের ক্ষেত্রটিতে।

ভারতীয় সংবিধানের ১৪ এবং ১৫ নং ধারাদুটিতে লিঙ্গ-ভিত্তিক বৈষম্য নিষিদ্ধ করা হয়েছে। ১৬নং ধারাতে চাকরি ক্ষেত্রে নারী পুরুষের সমানাধিকারের কথা বলা হয়েছে। সংবিধানের ১৫ নং ধারার ৩নং উপধারায় নারীদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে। রাষ্ট্র পরিচালনায় নির্দেশমূলক নীতিতে সমরূপ পৌর আইন (Uniform Civil Code) প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। এই সমস্ত সাংবিধানিক রক্ষাকবচ সত্ত্বেও ভারত রাষ্ট্র নারীদের ওপর যে সামাজিক অবিচার চলে তার নৈতিক দায়িত্ব স্বীকার করে না অথবা লিঙ্গ-বৈষমের ভিত্তিতে রচিত ভারতের পুরুষতান্ত্রিক সমাজের রূপান্তর সাধনে কোনো পদক্ষেপ নেয় না। পরিবার ও বিবাহ সংক্রান্ত বিষয়গুলিকে বিভিন্ন ধর্মীয় গোষ্ঠীর নিজ নিজ ব্যক্তিগত আইনের আওতায় ছেড়ে দিয়ে এবং সমরূপ পৌর আইন প্রতিষ্ঠায় কোনো কার্যকর পদক্ষেপ না নিয়ে ভারত রাষ্ট্র নারীদের প্রতি চূড়ান্ত দায়িত্বহীনতার পরিচয় দিয়েছে বলে অনেকে মনে করেন। এ ছাড়া শিক্ষাক্ষেত্রে, রাজনীতির ক্ষেত্রে নারীদের পশ্চাদ্‌বর্তিতা, অর্থনৈতিক সুযোগ সুবিধার ক্ষেত্রে নারীদের বঞ্চনা ইত্যাদি ভারত রাষ্ট্রের ব্যর্থতাকেই প্রকাশ করে।

ভারতীয় নারীর শোচনীয় অবস্থার অন্যতম প্রধান কারণ দীর্ঘদিন ধরে চলে আসা পুরুষ শাসিত যৌথ পরিবার ব্যবস্থা। নেহরু আশা করেছিলেন **হিন্দু কোড় বিল** (Hindu Code Bill) পাস করার মাধ্যমে সম্পত্তি ও বিবাহের ক্ষেত্রে নারী পুরুষের মধ্যে সমানাধিকার প্রতিষ্ঠা করা যাবে। এব্যাপারে **ড. আম্বেদকারও** যথেষ্ট সক্রিয় ছিলেন। কিন্তু গোঁড়া হিন্দুদের মনে হয়েছিল এই ধরনের বিল পাস হয়ে গেলে ঐতিহ্যপূর্ণ পিতৃতান্ত্রিক যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে পড়বে। তাই তাঁরা বিলটির যথাসাধ্য বিরোধিতা করেছিলেন। শেষ পর্যন্ত বেশ কিছু সংশোধন সহ হিন্দু কোড় বিল-এর পরিবর্তে দুটি আইন প্রণীত হয়, একটি হিন্দু বিবাহ আইন, ১৯৫৫ (Hindu Marriage Act, 1955) এবং দ্বিতীয়টি হিন্দু উত্তরাধিকার আইন, ১৯৫৬ (Hindu Succession Act, 1956)। হিন্দু উত্তরাধিকার আইনের মাধ্যমে পিতার সম্পত্তিতে পুত্রদের সঙ্গে কন্যাদেরও সমানাধিকার দেওয়া হয় বটে, কিন্তু ঐতিহ্যপূর্ণ 'মিতাক্ষরা' ব্যবস্থাটি (*The Mitakshara*) উচ্ছেদ করা হল না। ফলত সম্পত্তির অধিকার থেকে নারীরা বঞ্চিতই থেকে গেল। যৌথ পরিবারের সম্পত্তিতে যথারীতি পিতা ও পুত্রসন্তানের অধিকার বজায় থাকল, আর স্ত্রী ও কন্যারা তা থেকে বঞ্চিত হয়ে রইল। হিন্দু বিবাহ আইনের ক্ষেত্রেও একই অবস্থা পরিলক্ষিত হয়। আইনের মাধ্যমে বাহ্যত বিবাহ ও বিবাহ-বিচ্ছেদের ক্ষেত্রে নারী-পুরুষের সমানাধিকার প্রতিষ্ঠিত হলেও কার্যত এ ব্যাপারে আগের ব্যবস্থাই বলবৎ থাকল। উদাহরণস্বরূপ, বিবাহ বিচ্ছেদের পর স্ত্রী তাঁর

পুত্রের আইনগত অভিভাবক হতে পারেন, কিন্তু সন্তানের পদবি হবে পিতার পদবি অনুযায়ী, মাতার পদবি অনুযায়ী নয়। ফলে মা ও তার সন্তানের পদবি আলাদা হয়ে যায় এবং এতে সমস্যাও অনেক। এ ছাড়া, কোনো বিবাহ-বিচ্ছিন্না মহিলা পুনরায় বিবাহ করতে চাইলে তাঁর বর্তমান পুত্রকে নিজের কাছে রাখতে পারবেন কি না সে ব্যাপারে তাঁর পূর্বেকার স্বামী এবং হবু স্বামীর উভয়ের অনুমতি নিতে হবে। কিন্তু অনুরূপ ক্ষেত্রে বিবাহ-বিচ্ছিন্ন পুরুষকে কারও অনুমতি নিতে হয় না। নারীর অধস্তন স্থানটি প্রকাশ পায় ১৯৫৬ সালে প্রণীত **হিন্দু দত্তক ও ভরণপোষণ আইনেও** (Hindu Adoption and Maintenance Act, 1956)। এই আইন অনুসারে কোনো বিবাহিত হিন্দু মহিলা কোনো শিশুকে দত্তক নিতে বা দিতে পারেন না। এ ছাড়া স্বামী-স্ত্রীর বৈধ সন্তানের স্বাভাবিক অভিভাবক হবেন স্বামী, কিন্তু অবৈধ সন্তানের অভিবাবক হবেন স্ত্রী; এব্যাপারে স্বামীর কোনো দায়-দায়িত্ব নেই। সবচেয়ে বিপজ্জনক ব্যাপার হল এই যে ভারতের কোনো যুবতি নারীর কোনো স্বাধীন সত্তা নেই। তাঁর পরিচয় কারও কন্যা হিসাবে অথবা কারও স্ত্রী হিসাবে। হিন্দু সমাজের অপর একটি প্রহসন হল, এখানে মাতৃত্বকে সম্মানের চোখে দেখা হয়, কিন্তু সন্তানের আইনগত অভিভাবক হওয়ার কোনো অধিকার মাকে দেওয়া হয় না। ১৯৯৯ সালের আগে পর্যন্ত রাষ্ট্র শুধুমাত্র পিতাকেই তার সন্তানের অভিভাবক হিসাবে স্বীকৃতি দিত।

বস্তুতপক্ষে, **স্বাধীনতার প্রায় সত্তর বছর পরেও** ভারতীয় সমাজ পুরুষ আধিপত্যকারী সমাজ হিসাবেই রয়ে গেছে। এখনও ভারতের **সমাজ ও পরিবার ব্যবস্থায়** সাবেকি মূল্যবোধগুলিকে সযত্নে লালন করা হয়ে থাকে। পরিবারের ক্রমবিন্যস্ত কাঠামোয় নারীর স্থান পুরুষ সদস্যদের নীচে। পারিবারিক সিদ্ধান্ত গ্রহণে নারীর কোনো ভূমিকা থাকে না। এখনও স্ত্রীর মর্যাদা তার স্বামী ও পরিবারের মর্যাদা অনুযায়ী নির্ধারিত হয়, তার ব্যক্তিগত যোগ্যতা বা গুণাবলির ভিত্তিতে নয়। **অর্থনৈতিক ক্ষেত্রেও** নারীকে লিঙ্গ বৈষম্যের শিকার হতে হয়। একই পরিশ্রম করেও নারীকে পুরুষের থেকে কম মজুরি নিয়ে সন্তুষ্ট থাকতে হয়। অর্থনীতিতে যত আধুনিকীকরণের অনুপ্রবেশ ঘটছে, মেয়েদের কর্মসংস্থানের সুযোগ তত কমছে এবং সেইসঙ্গে বঞ্চনার পরিমাণ বেড়েছে।

**রাজনীতিতে অংশগ্রহণের ক্ষেত্রেও** ভারতীয় নারীরা পুরুষদের থেকে পিছিয়ে। ভারতের রাজনৈতিক প্রক্রিয়ায় নারীদের সক্রিয় ভূমিকার অভাব লক্ষ করা যায়। আসলে এর জন্য দায়ী ভারতীয় সমাজের সামাজিকীকরণ প্রক্রিয়া। ছোটোবেলা থেকে ভারতীয় নারীর মনে এই ধারণা ঢুকিয়ে দেওয়া হয় যে, নারীর উপযুক্ত স্থান হল গৃহকোণ, বাড়ির বাইরেটা নারীর বিষয় নয়, ওটা পুরুষদের বিষয়। রাজনীতি যেহেতু বাইরের বিষয়, সেহেতু রাজনীতিতে নারীর অংশগ্রহণের কোনো প্রশ্ন নেই। তবে বর্তমানে পঞ্চায়েত এবং পৌর প্রতিষ্ঠানগুলিতে সংরক্ষণ নীতির সুবাদে মহিলাদের রাজনীতিতে অংশগ্রহণ বেড়েছে। বস্তুতপক্ষে স্থানীয় স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলিতে নারীরা যথেষ্ট দায়িত্ব ও যোগ্যতার সঙ্গে কাজ করে যাচ্ছে। বিধানসভা এবং সংসদে সংরক্ষণ ব্যবস্থা চালু হলে নারীর সামাজিক অবস্থানের উন্নতি ঘটত এবং তাদের প্রতি পুরুষদের নির্যাতন ও বঞ্চনা কমত।

সুতরাং ভারতীয় নারীর সামাজিক অবস্থানটি পর্যালোচনা করতে গিয়ে যে চিত্রটি আমরা পাই সেটি হল এই যে, **একবিংশ শতাব্দীর দ্বিতীয় দশকে উপনীত হয়েও ভারতীয় নারীর সামাজিক অবস্থানে খুব একটা মৌলিক পরিবর্তন ঘটেনি**। ভারতবর্ষে শিক্ষিতা নারীর সংখ্যা এখনও যথেষ্ট কম, আর্থিকভাবে স্বনির্ভর নারীর সংখ্যাও কম, নারীত্বের ভারে জর্জরিত না হওয়া সচেতন নারীর সংখ্যা মুষ্টিমেয় বললেই চলে, কিন্তু নির্যাতিতা, লাঞ্ছিতা, অত্যাচারিতা, ধর্ষিতা, মার খাওয়া নারীর সংখ্যা অগুনতি। ভারতের নারীবাদী আন্দোলনের অন্যতম প্রবক্তা **ড. বুলা ভদ্রের** মতে, "স্বাধীন, পঞ্চাশোর্ধ, প্রৌঢ় ভারত আর কিছুতে জাতীয় সম্পদ বৃদ্ধি করতে না পারুক, নারীর বিরুদ্ধে নির্যাতনের খাতায় সুস্পষ্টই বড়ো রকমের হিসাব রাখতে সক্ষম হয়েছে।" নারী সমস্যা বিষয়ক একজন প্রথিতযশা গবেষক **রাম আহুজা** (Ram Ahuja) প্রায় অনুরূপভাবে মন্তব্য করেন, যখন থেকে সামাজিক সংগঠন ও পারিবারিক জীবনের লিখিত ইতিহাস আমাদের হাতে এসেছে তখন থেকেই আমরা জানতে পারি যে, ভারতীয় সমাজে নারীরা নানাপ্রকার লাঞ্ছনা, নিপীড়ন এবং শোষণের শিকার হয়েছে ("Women in the Indian society have been victims of humiliation, torture and exploitation for as long as we have written records of social organizations and family life")।

তবে অতি সম্প্রতি ভারতীয় নারীর সামাজিক অবস্থানের অচলায়তনটি একটু নড়তে শুরু করেছে। মৌলিক কিছু পরিবর্তন না ঘটলেও ভারতীয় নারীর মানসিকতায় এক ধরনের পরিবর্তনের ক্ষীণ আলো দেখা যাচ্ছে। লিঙ্গ বৈষম্য সম্পর্কে কিছুটা চেতনা তাদের মধ্যে দেখা যাচ্ছে। পশ্চিমি দেশগুলিতে যে নারীবাদী আন্দোলন শুরু হয়েছে বেশ কিছু দিন আগে, সাম্প্রতিককালে ভারতে তার ঢেউ আসতে শুরু করেছে। বিভিন্ন নারীবাদী সংগঠন গড়ে উঠেছে এবং উঠছে। শিক্ষাদীক্ষায়, খেলাধুলায়, বিজ্ঞান চর্চায়, রাজনীতিতে ভারতীয় নারীকে কিছুটা এগিয়ে আসতে দেখা যাচ্ছে। নারী-পুরুষের বৈষম্য দূরীকরণে সরকারি ও বেসরকারি স্তরে নানান ব্যবস্থা গৃহীত হতে দেখা যাচ্ছে। তবে যতদিন না ভারতীয় নারীরা শিক্ষিতা ও আর্থিক স্বনির্ভর হয়ে উঠেছে, ততদিন নারী পুরুষের মধ্যে সাম্যের বিষয়টি অধরাই থেকে যাবে। নোবেল জয়ী **অমর্ত্য সেন** বলেছেন, নারী শিক্ষা ও অর্থনৈতিক ক্ষেত্রে নারীর স্বাবলম্বিতা অর্জন ব্যতিরেকে লিঙ্গভিত্তিক বৈষম্যের নিরসন সম্ভব নয়।